# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ফোন ঃ ০২২২৩৩-৮৮৯৪৯
E-mail ঃ dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ


নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)এসএমই-১১(০১)/২০২৩-২০২৪/ ১৩(১১৫০) তারিখ ঃ ০৬/০৭/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ''স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম'' এর নাম পরিবর্তন এবং তহবিল বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক জারীকৃত ২৫/০৬/২০২৩ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৬ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত ০৫/০৯/২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ (সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার) এর নির্দেশনা অনুযায়ী ২০২৪ সাল অন্তে সিএমএসএমই খাতের ঋণ ও অগ্রিম স্থিতির নূন্যতম ১৫% নারী উদ্যোক্তাদের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয় হয় এবং নারী উদ্যোক্তাদেরকে ''স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম'' এর আওতায় অগ্রাধিকার ভিত্তিতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের সিদ্ধান্ত ঘোষিত হয়। পরবর্তীতে ০৭/০৫/২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ অনুযায়ী নারী উদ্যোক্তাদের অনুকূলে ঋণ সুবিধা সহজীকরণে ১,৫০০.০০ কোটি টাকার তহবিল এবং সুদের হার ব্যাংক পর্যায়ে ৩.০০ শতাংশ ও গ্রাহক পর্যায়ে ৭.০০ শতাংশ পুনঃনির্ধারণ করা হয় । তদপরবর্তীতে ০৪/০৮/২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯ নির্দেশনা অনুযায়ী শুধুমাত্র নারী উদ্যোক্তাদেরকে ''স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম'' এর আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের নির্দেশনা দেয়া হয় এবং সুদের হার ব্যাংক পর্যায়ে ০.৫ শতাংশ ও গ্রাহক পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশ পুনঃনির্ধারণ করে দেয়া হয়।

০৩। ২৫/০৬/২০২৩ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৬ অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে পরিচালিত ''স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম'' (Small Enterprise Refinance Scheme) এর নাম পরিবর্তন করে ''নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম'' (Small Enterprise Refinance Scheme for Women Entrepreneurs) হিসেবে নামকরণ করা হয়েছে এবং উক্ত তহবিলের পরিমান ১,৫০০.০০ কোটি হতে বাড়িয়ে ৩,০০০.০০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

০৪। এতদ্ব্যতীত, উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারসহ নারী উদ্যোক্তাদেরকে বিতরনকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সংক্রান্ত ১৭ আগষ্ট ২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৮ এবং একই বিষয়ে ২০ জুন ২০২২ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এ বর্নিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

০৬। এমতাবস্থায়, ''স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম'' এর নাম পরিবর্তন এবং তহবিল বৃদ্ধিকরণ সার্কুলারটি হুবহু মুদ্রণ করা হলো। প্রদত্ত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তি ঃ বর্ণনামতে।

২৫/০৭/২০২৩

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

চলমান পাতা-০২

বিষয় ঃ ''স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম'' এর নাম পরিবর্তন এবং তহবিল বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)এসএমই-১১(০১)/২০২৩-২০২৪/ ২৯(১১৫৩) তারিখ ঃ ০৬/০৭/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।***
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

06/07/2026

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৬

তারিখ: ১১ আষাঢ়, ১৪৩০
২৫ জুন, ২০২৩

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম' এর নাম পরিবর্তন এবং তহবিল বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

অত্র বিভাগের ০৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২, ০৭ মে ২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ এবং ০৪ আগস্ট ২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে পরিচালিত 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম'(Small Enterprise Refinance Scheme) এর নাম পরিবর্তন করে 'নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম' (Small Enterprise Refinance Scheme for Women Entrepreneurs) হিসেবে নামকরণ করা হলো এবং উক্ত তহবিলের পরিমাণ ১,৫০০ কোটি হতে বাড়িয়ে ৩,০০০ কোটি টাকায় উন্নীত করা হলো।

৩. এতদ্ব্যতীত, উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারসহ নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সংক্রান্ত ১৭ আগস্ট ২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৮ এবং একই বিষয়ে ২০ জুন ২০২২ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৪. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আশিকুর রহমান)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোন: ৯৫৩০৫০২